## হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

# সহজ পথটি বেছে নাও

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু 'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেন, "আমাদের পথ সঠিক পথ। সঠিক পথের মধ্যে সহজ পথটি নাও"। অধিকাংশ ব্যাপারেই একাধিক পথ থাকে, অথবা পথ একটিই কিন্তু একাধিক উপায় আছে সেই পথে চলার। আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেন, "সহজ পথটি বেছে নাও"। কঠিনতর পথটি নিও না, সহজ করে কাজটি সম্পন্ন কর। আমাদের পবিত্র নাবী (সাঃ) এভাবে কাজ করতেন যেন তা উনার উম্মাতের জন্য উদাহরণে পরিণত হয়।

এটি কোন কঠিন পথ নয়। ইসলামের পথ মানুষের সহজাত স্বভাবের সাথে মিলে যায়। এটা আল্লাহ্‌র সৃষ্টির সাথে সামঞ্জস্যপূর্ণ। যদি তুমি অন্য কোন ধর্ম অনুসরণ কর তাহলে দেখবে যে তা মানুষের সহজাত স্বভাবের সাথে মেলে না। মানুষের সহজাত স্বভাবের সাথে যা মিলে তা হচ্ছে ইসলাম ধর্ম। এটি মানুষের জন্য করা সহজ। ইসলাম সাধারণভাবে সহজ কিন্তু নাফস এবং শয়তান তা কঠিন করে দেখায়। অতএব, "সহজ উপায়টি বেছে নাও", বলেন আমাদের পবিত্র নাবী (সাঃ)।

আমাদের শেইখ মাওলানার (কাঃসিঃ) দেখানো পথটিও সহজ। মানুষ যতটুকু সক্ষম ততটুকুই তার করা উচিত। মানুযহের জন্য গুরুত্বপূর্ণ হচ্ছে আল্লাহ্‌কে বিশ্বাস করা এবং আমাদের নাবী (সাঃ) কে ভালবাসা। কিছুই না করার থেকে যতটুকু সামর্থ্য আছে তা করা উত্তম। ঈমান যত বাড়তে থাকে তত আমালও ধীরে ধীরে বৃদ্ধি পায়। সময়ের সাথে সাথে তারা সালাত সম্পূর্ণভাবে করে এবং আর বেশি যাকাত এবং সাদাকাহ দান করে। তারা এভাবে ধীরে ধীরে উন্নতি করবে, কিন্তু তুমি যদি তাদেরকে সবকিছু একসাথে করতে বল, তারা সব বাদ দিয়ে পালিয়ে যাবে।

তাই, সহজতরটি বাছাই কর, যে কাজ তুমি চালিয়ে যেতে পারবে তা বাছাই কর এবং অতিরিক্ত বোঝা যা তুমি নিতে পারবে না তা বাছাই কোরো না। এটি আমাদের পবিত্র নাবী (সাঃ) এর দেখানো সুন্দর পথ এবং সহজ পন্থা। আমাদের পবিত্র নাবী (সাঃ) এরকম উপদেশ দান করেন উনার উম্মাতের প্রতি রাহমাতের কারণে। যাই কর, নিশ্চিত করে কর যে তা করছ আল্লাহ্‌র সন্তুষ্টি চেয়ে। আল্লাহ্‌ আমাদের এই পথে সাহায্য করবেন এবং তিনি আমাদের বোঝা দান করেন আমাদের শক্তি অনুযায়ী, যতটুকু আমরা নিতে পারি।

# হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

لاَ يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا إِلاَّ وُسْعَهَا

তিনি বলেন, “লা ইউকাল্লিফ উল্লাহু নাফসান ইল্লা উস’আহা” (সুরাহ বাকারাঃ২৮৬)। “আল্লাহ্ কাউকে বোঝা দান করেন না তার সামর্থ্যের বাইরে”। অতএব, আমাদের পবিত্র নাবী (সাঃ) দেখেছেন যে আমরা দূর্বল। আমরা আমাদের ইবাদাত নিয়ে অহঙ্কার করতে পারবো না তা পরিমাণে যত বেশিই হোক না কেন। আমরা যদি এক হাজার বছরও ইবাদাত করি তা কিছুই না। কঠিন ইবাদাতের উপর ভরসা না করে এবং অহংকারী না হয়ে, ছোট কাজ করা ভালো, সহজ কাজ। আল্লাহ্ যেন আমাদেরকে সঠিক পথ থেকে বিপথগামী না করেন এবং আমাদের পবিত্র নাবী (সাঃ) এর শাফা’আত দান করেন ইনশাআল্লাহ।

ওয়া মিন আল্লাহ্ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২৫ নভেম্বার ২০১৬/২৫ সাফার ১৪৩৮
ফাজার নামায, আকবাবা দারগাহ।